


# অনলাইনে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা



ছবি: সংগৃহীত

দেশে প্রথমবারের মতো শিশু-কিশোরদের অনলাইনে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতির যৌথ উদ্যোগে এ প্রতিযোগিতায় সাড়ে ৮ হাজার প্রতিযোগী অংশগ্রহণ করে।

২৭ ও ২৮ জুন রাতে দেশব্যাপী এ অনলাইন বিজ্ঞান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

সোমবার (২৯ জুন) রাতে বিজয়ীদের উদ্দেশ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, করোনা সংকটের সময়ে এ জাতীয় কর্মসূচিতে প্রতিষ্ঠানের পক্ষ হতে সর্বাঙ্গিক সহযোগিতা করা হবে। তিনি শিক্ষার্থীদের ঘরে বসে পড়াশোনা অব্যাহত রেখে মানবিক ও সামাজিক ভাবে সচেতন হবার আহ্বান জানান।

তিনি বলেন, এ সময়ে সৃষ্টিকর্তাকে স্মরণ করা, ফাস্টফুডের বদলে ঘরের তৈরি খাবার খাওয়া, পিতামাতার সঙ্গে অন্তরঙ্গতা গড়ে তোলা এবং দরিদ্র মানুষের পাশে দাঁড়ানোর শ্রেষ্ঠ সময়।



## বিজ্ঞান জাদুঘরের উদ্যোগ অনলাইন প্রতিযোগিতায় আট হাজার শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক ▶▶

দেশে এ প্রথম শিশু-কিশোরদের অনলাইনে বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতির যৌথ উদ্যোগে এ প্রতিযোগিতায় সাড়ে আট হাজার প্রতিযোগী অংশগ্রহণ করে। গত ২৭ ও ২৮ জুন রাতে দেশব্যাপী এ অনলাইন বিজ্ঞান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গত সোমবার বিজয়ীদের উদ্দেশ্যে আয়োজিত অনলাইন অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী করোনা সংকটের সময়ে এ জাতীয় কর্মসূচিতে প্রতিষ্ঠানের পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি শিক্ষার্থীদের ঘরে বসে পড়াশুনা অব্যাহত রেখে মানবিক ও সামাজিকভাবে সচেতন হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, এ সময় সৃষ্টিকর্তাকে স্মরণ করা, ফাস্টফুডের বদলে ঘরের তৈরি খাবার খাওয়া, পিতামাতার সঙ্গে অন্তরঙ্গতা গড়ে তোলা এবং দরিদ্র মানুষের পাশে দাঁড়ানোর শ্রেষ্ঠ সময়।